

লসাগু ও গসাগু (L.C.M & H.C.F)

Type-1 : লসাগু নির্ণয়

লসাগু (Lowest Common Multiple) হলো লঘিষ্ঠ সাধারণ গুণিতক। দুই বা ততোধিক সংখ্যার ক্ষুদ্রতম সাধারণ গুণিতককে তাদের লসাগু বলে। যেমন: ২, ৪, ৮ এর লসাগু নির্ণয়।

২ এর গুণিতক হলো : ২, ৪, ৬, ৮, ১০, ১২, ১৪, ১৬ ইত্যাদি

৪ " " " : ৪, ৮, ১২, ইত্যাদি

৮ " " " : ৮, ১৬, ২৪ ইত্যাদি

দেখা যাচ্ছে, ২, ৪, ৮ এর সাধারণ গুণিতক হলো: ৮, ১৬ ইত্যাদি। এদের মধ্যে সবচেয়ে ছোট সাধারণ গুণিতক হলো ৮। তাই ২, ৪, ৮ এর লসাগু ৮।

মৌলিক গুণনীয়কের সাহায্যে লসাগু নির্ণয়:

১৮, ১২ এবং ১৪ এর লসাগু নির্ণয় করি।

১। সংখ্যাগুলোকে নিচের চিত্রের মতো লিখি।

| ১৮, ১২, ১৪

২। সংখ্যাগুলোকে সাধারণ মৌলিক গুণনীয়ক দ্বারা ভাগ করি। ভাগফলগুলোর সংখ্যাগুলোকে নিচে লেখা হয়েছে।

$$\begin{array}{r} 2 \mid 18, 12, 14 \\ \hline 3, 6, 7 \\ \hline 3, 2, 7 \end{array}$$

৩। যদি সবগুলো সংখ্যাকে ভাগ করার মতো কোনো মৌলিক গুণনীয়ক না থাকে তাহলে অন্তত দুইটি সংখ্যাকে ভাগ করা যাবে এমন একটি মৌলিক গুণনীয়ক দ্বারা ভাগ করি।

৪। অবিভাজ্য সংখ্যাটিকে নিচে নামিয়ে নিয়ে আসি।

৫। এভাবে যদি আর ভাগ করা না যায় তবে মৌলিক গুণনীয়কগুলো গুণ করি: $(2 \times 3 \times 3 \times 2 \times 7) = 252$
এটি হলো ১৮, ১২ এবং ১৪ এর লসাগু।

আবার ধরুন আপনাকে ২ বা ততোধিক মৌলিক অথবা সহমৌলিক সংখ্যার লসাগু বের করতে বললে লসাগু হবে সংখ্যাগুলোর গুণফলের সমান।

উদাহরণ-১: ২, ৩, ৭ এর লসাগু নির্ণয় কর।

২, ৩, ৭ মৌলিক সংখ্যা হওয়ায় এদের লসাগু হবে $= 2 \times 3 \times 7 = 42$

উদাহরণ-২: ৩, ৪ ও ৫ এর লসাগু নির্ণয় কর।

৩, ৪ ও ৫ সহমৌলিক সংখ্যা হওয়ায় এদের লসাগু হবে $= (3 \times 4 \times 5) = 60$

উদাহরণ: ১৬, ২৪, ১৫ এর লসাগু নির্ণয় কর।

$$\begin{array}{r} 2 \mid 16, 24, 15 \\ \hline 2 \mid 8, 12, 15 \\ \hline 2 \mid 4, 6, 15 \\ \hline 3 \mid 2, 3, 15 \\ \hline 2, 1, 5 \end{array}$$

\therefore নির্ণয় লসাগু $= 2 \times 2 \times 2 \times 3 \times 2 \times 5 = 240$

দৃষ্টি আকর্ষণ:

২ বা ততোধিক সংখ্যার মধ্যে যদি ১ বাদে অন্য কোনো সাধারণ গুণনীয়ক না থাকে তবে সংখ্যাগুলোকে পরস্পরের সহমৌলিক সংখ্যা বলা হয়।

Type-1 এর আলোকে বিভিন্ন পরীক্ষায় আগত প্রশ্ন ও সমাধান

১. ২, ৬ এবং ১০ এর লসাগু কত?

[ঊষধ প্রশাসন অধিদপ্তরের অফিস সহায়ক-২২]

ক) ২

খ) ৩০

গ) ১০

ঘ) ৫০

ব্যাখ্যা

$$\begin{array}{r} 2 \mid 2, 6, 10 \\ \hline 1, 3, 5 \end{array}$$

\therefore নির্ণয় লসাগু $= 2 \times 3 \times 5 = 30$

২. ২, ৩, ৫, ৬ ও ৮ এর লসাগু কত? [পরিবেশ অধিদপ্তরের অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর ২০২০]

ক) ৮০

খ) ১০০

গ) ১২০

ঘ) ১৪০

ব্যাখ্যা

$$\begin{array}{r} 2 \mid 2, 3, 5, 6, 8 \\ \hline 3 \mid 1, 3, 5, 3, 4 \\ \hline 1, 1, 5, 1, 4 \end{array}$$

\therefore নির্ণয় লসাগু $= (2 \times 3 \times 8 \times 5) = 120$

৩. ১২, ১৮, ২০ ও ১০৫ এর লসাগু কত?

- (ক) ১৪০০ (খ) ১৩৫০
(গ) ১২৬০ (ঘ) ১৬৩০

ব্যাখ্যা

$$\begin{array}{r} 2 \overline{) 12, 18, 20, 105} \\ 2 \overline{) 6, 9, 10, 52.5} \\ 3 \overline{) 3, 3, 10, 17.5} \\ 5 \overline{) 1, 1, 2, 3.5} \\ 1, 1, 1, 1 \end{array}$$

নির্ণেয় লসাগু = $2 \times 2 \times 3 \times 5 \times 7 = 1260$

৪. ২১, ২৮, ৮৪ এবং ৫৬ এর লসাগু কত?

[জাতীয় নিরাপত্তা গোয়েন্দা সংস্থা (NSI) এর ওয়াচার কনস্টেবল ২০১৯, শিক্ষা মন্ত্রণালয় নিয়োগ পরীক্ষা-২০১৭]

- (ক) ৩৩৬ (খ) ১১২
(গ) ২৬৮ (ঘ) ১৬৮

গ

ঘ

ব্যাখ্যা

$$\begin{array}{r} 2 \overline{) 21, 28, 84, 56} \\ 2 \overline{) 10.5, 14, 42, 28} \\ 3 \overline{) 7, 14, 14, 14} \\ 7 \overline{) 1, 2, 2, 2} \\ 1, 1, 1, 1 \end{array}$$

\therefore লসাগু = $2 \times 2 \times 3 \times 7 \times 2 = 168$

৫. ৮, ১২, ৩৬, ৭২, ১৪৪ এর লসাগু?

[কৃষি মন্ত্রণালয়ের অফিস সহকারী-২০১৯]

- (ক) ২ (খ) ৫৭৬
(গ) ১৪৪ (ঘ) ২৮৮

ব্যাখ্যা

$$\begin{array}{r} 2 \overline{) 8, 12, 36, 72, 144} \\ 2 \overline{) 4, 6, 18, 36, 72} \\ 2 \overline{) 2, 3, 9, 18, 36} \\ 3 \overline{) 1, 1, 3, 6, 12} \\ 3 \overline{) 1, 1, 1, 2, 4} \\ 1, 1, 1, 1, 1 \end{array}$$

\therefore নির্ণেয় লসাগু = $2 \times 2 \times 2 \times 3 \times 3 \times 2 = 144$

Type-2 : গসাগু নির্ণয়

গসাগু (Highest Common Factor) হলো গরিষ্ঠ সাধারণ গুণনীয়ক। দুই বা ততোধিক সংখ্যার সাধারণ গুণনীয়কগুলোর মধ্যে সবচেয়ে বড় গুণনীয়ককে ঐ সংখ্যাগুলোর গসাগু বলে।

যেমন: ২৮, ৪৮ ও ৭২ এর নির্ণয়।

এখানে, ২৮ এর গুণনীয়কগুলো: ১, ২, ৪, ৭, ১৪, ২৮

৪৮ " " : ১, ২, ৩, ৪, ৬, ৮, ১২, ১৬, ২৪, ৪৮

৭২ " " : ১, ২, ৩, ৪, ৬, ৮, ৯, ১২, ১৮, ২৪, ৩৬, ৭২

২৮, ৪৮ ও ৭২ এর সাধারণ গুণনীয়কগুলো হলো ১, ২, ৩, ৪। এদের মধ্যে গরিষ্ঠ সাধারণ গুণনীয়কটি হলো ৪।

\therefore ২৮, ৪৮ ও ৭২ এর গসাগু ৪।

গুণনীয়কের সাহায্যে গসাগু নির্ণয়:

৫৬, ২৮ এবং ৪২ এর গসাগু নির্ণয়।

১। ৫৬, ২৮, ৪২ কে নিচের চিত্রের মতো করে লিখি।

$$\begin{array}{r} 56, 28, 42 \end{array}$$

২। সংখ্যাগুলোকে সাধারণ গুণনীয়ক দ্বারা ভাগ করি। অর্থাৎ যে সংখ্যা দিয়ে ৫৬, ২৮ ও ৪২ কে ভাগ করা যাবে তা দিয়ে ভাগ করি।

আবার, ২৮, ১৪ ও ২১ কে আবার ৭ দিয়ে ভাগ করি।

$$\begin{array}{r} 2 \overline{) 56, 28, 42} \\ 7 \overline{) 28, 14, 21} \\ 4, 2, 3 \end{array}$$

৩। যখন সবগুলো সংখ্যাকে কোনো সংখ্যা দ্বারা আর ভাগ করা যাবে না তখন ভাগ করা বন্ধ করবো। যেমন: ৪, ২ ও ৩ সংখ্যাগুলো ১ বাদে অন্য কোনো সংখ্যা দ্বারা একসাথে বিভাজ্য নয়।

৪। সাধারণ মৌলিক গুণনীয়কগুলো গুণ করি; $(2 \times 7) = 14$ ।

\therefore ৫৬, ২৮ ও ৪২ এর গসাগু হলো ১৪।

উদাহরণ: ৩২, ৪৮, ৫৬ এবং ৮০ এর গসাগু কত?

সমাধান:

$$\begin{array}{r} 2 \overline{) 32, 48, 56, 80} \\ 2 \overline{) 16, 24, 28, 40} \\ 2 \overline{) 8, 12, 14, 20} \\ 4, 6, 7, 10 \end{array}$$

এখন, ৪, ৬, ৭, ১০ একসাথে আর কোনো সংখ্যা দ্বারা বিভাজ্য নয়।

\therefore ৩২, ৪৮, ৫৬, ৮০ গসাগু = $2 \times 2 \times 2 = 8$ ।

লক্ষ করি: যদি সংখ্যাগুলোকে ১ ব্যতিত অন্য কোনো সংখ্যা দ্বারা ভাগ করা না যায় তবে ঐ সংখ্যাগুলোর গসাগু হবে ১।

যেমন: ৫, ৪ ও ৯ এর গসাগু নির্ণয়।

$$\begin{array}{r} 1 \overline{) 5, 4, 9} \\ 5, 4, 9 \end{array}$$

\therefore ৫, ৪ ও ৯ এর গসাগু ১।

Type-2 এর আলোকে বিভিন্ন পরীক্ষায় আগত প্রশ্ন ও সমাধান

৬. গসাগু এর পূর্ণরূপ কোনটি?

[মৎস অধিদপ্তরের স্টাটমুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর-২১]

- (ক) গরিষ্ঠ সাধারণ গুণিতক (খ) গরিষ্ঠ স্বাভাবিক গুণনীয়ক
(গ) গরিষ্ঠ সাধারণ গুণনীয়ক (ঘ) গরিষ্ঠ স্বাভাবিক গুণিতক

ব্যাখ্যা

গসাগু এর পূর্ণরূপ হলো গরিষ্ঠ সাধারণ গুণনীয়ক।
লসাগু এর পূর্ণরূপ হলো লঘিষ্ঠ সাধারণ গুণিতক।

৭. ১৫ ও ২৫ এর গসাগু কত?

[NSI-এর অফিস সহকারী/ডেসপাচ রাইডার-২০২১]

- (ক) ৫ (খ) ৩০
(গ) ১৫ (ঘ) ২০

ব্যাখ্যা

৫ | ১৫, ২৫
৩, ৫
∴ নির্ণেয় গসাগু = ৫

৮. ৪০, ৬০ এবং ৮৮ এর গসাগু কত?

[খাদ্য অধিদপ্তরের সহকারী উপ-খাদ্য পরিদর্শক-২০১২]

- (ক) ৪ (খ) ৬
(গ) ৮ (ঘ) ১২

ব্যাখ্যা

২ | ৪০, ৬০, ৮৮
২ | ২০, ৩০, ৪৪
১০, ১৫, ২২
∴ নির্ণেয় গসাগু = ২ × ২ = ৪

৯. ৩২, ৪৮, ৫৬ এবং ৮০ এর গসাগু কত?

[প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক-৯০]

- (ক) ৪ (খ) ৮
(গ) ১২ (ঘ) ১২

ব্যাখ্যা

২ | ৩২, ৪৮, ৫৬, ৮০
২ | ১৬, ২৪, ২৮, ৪০
২ | ৮, ১২, ১৪, ২০
৪, ৬, ৭, ১০
এখন, ৪, ৬, ৭, ১০ একসাথে আর কোনো সংখ্যা দ্বারা বিভাজ্য নয়।
∴ ৩২, ৪৮, ৫৬, ৮০ গসাগু = ২ × ২ × ২ = ৮।

১০. ৩৬, ৫৪ ও ৯০ এর গসাগু কত?

[Pubali Bank Ltd. Senior Officer-2013]

- (ক) ৬ (খ) ৯
(গ) ১২ (ঘ) ১৮

ব্যাখ্যা

২ | ৩৬, ৫৪, ৯০
৩ | ১৮, ২৭, ৪৫
৩ | ৬, ৯, ১৫
২, ৩, ৫
∴ নির্ণেয় গসাগু = ২ × ৩ × ৩ = ১৮

১১. ৩, ৪ ও ৫ এর গসাগু কোনটি?

[মৎস অধিদপ্তরের অফিস সহায়ক: ২১]

- (ক) ১ (খ) ৩
(গ) ৪ (ঘ) ৫

ব্যাখ্যা

৩, ৪ ও ৫ এর সাধারণ মৌলিক উৎপাদক নেই। অর্থাৎ অঙ্কগুলো ১ ব্যতীত অন্য কোনো অঙ্ক দ্বারা একসাথে বিভাজ্য নয়।
∴ নির্ণেয় গসাগু ১।

১২. ০, ২, ৩ এর গসাগু কত?

[বাংলাদেশ টেলিভিশন-এর অফিস সহায়ক-২০২১]

- (ক) ৬ (খ) ৫
(গ) ১ (ঘ) ৪

ব্যাখ্যা

০, ২, ৩ এর কোনো সাধারণ উৎপাদক নেই।
∴ নির্ণেয় গসাগু ১।

১৩. ২৪, ৩০ এবং ৭৭ এর গসাগু কত?

[পরিবেশ অধিদপ্তরের সহকারী পরিচালক (কারিগরি)-২০১২:
পরিবেশ অধিদপ্তরের সহকারী পরিচালক: ২০১১]

- (ক) ১ (খ) ২
(গ) ৩ (ঘ) ৪

ব্যাখ্যা

১ ব্যতীত অন্য কোনো সংখ্যা দ্বারা ২৪, ৩০, ৭৭ একসাথে বিভাজ্য নয়। তাই সংখ্যাগুলোর গসাগু ১।

Type-3 : সংখ্যাগুলোর লসাগু = ভাজ্য

- ❖ আপনাকে বলা হলো, কোনো ক্ষুদ্রতম সংখ্যাকে ৩, ৪ ও ৫ দ্বারা ভাগ করলে নিঃশেষে বিভাজ্য হবে। এক্ষেত্রে আপনাকে এমন ক্ষুদ্রতম সংখ্যা বের করতে হবে যাকে ৩, ৪ ও ৫ দ্বারা ভাগ করা যাবে। অর্থাৎ সংখ্যাগুলোর ভাজ্য হবে আপনার উত্তর। আর ভাজ্য হলো সংখ্যাগুলোর লসাগু'র সমান।

∴ সংখ্যাগুলোর লসাগু = ভাজ্য

৩, ৪, ৫ এর লসাগু = ৬০ (ভাজ্য)

∴ নির্ণেয় ক্ষুদ্রতম সংখ্যা = ভাজ্য = লসাগু = ৬০

দৃষ্টি আকর্ষণ: ক্ষুদ্রতম বা লঘিষ্ঠ বা ন্যূনতম বা কমপক্ষে কথাটি থাকলে সংখ্যাগুলোর ভাজ্য বা লসাগু হবে আপনার উত্তর।

আবার ধরুন আপনাকে বলা হলো, কোনো ক্ষুদ্রতম সংখ্যার সাথে ৩ যোগ করলে যোগফল ২৪, ৩৬, ৪৮ দ্বারা নিঃশেষে বিভাজ্য হবে? এখন আপনি ২৪, ৩৬, ৪৮ এর লসাগু বা ভাজ্য বের করুন:

২৪, ৩৬, ৪৮ এর লসাগু = ১৪৪ (ভাজ্য)

এরপর যেহেতু ৩ যোগ করার কথা বলা হয়েছে তাই লসাগু থেকে ৩ বিয়োগ করুন, তাহলেই উত্তর পেয়ে যাবেন।

∴ নির্ণেয় ক্ষুদ্রতম সংখ্যা = ১৪৪ - ৩ = ১৪১।

মনে রাখবেন, প্রশ্নে যোগ থাকলে লসাগু থেকে বিয়োগ করতে হবে এবং বিয়োগ/অবশিষ্ট থাকলে লসাগু এর সাথে যোগ করতে হবে।

- ❖ প্রশ্নে কোনো একটি সংখ্যার সাথে কোনো ক্ষুদ্রতম বা ন্যূনতম বা লঘিষ্ঠ সংখ্যা যোগ অথবা বিয়োগ করলে তা এত এত এত দ্বারা বিভাজ্য হবে, এমন থাকলে আপনি খুব সহজেই এ ধরনের প্রশ্নের সমাধান করতে পারবেন। এক্ষেত্রে আপনাকে এত এত এত এর জায়গায় প্রশ্নে যে সংখ্যাগুলো দেওয়া থাকবে তাদের লসাগু বের করুন। এরপর লসাগু দিয়ে প্রদত্ত সংখ্যাটিকে ভাগ করুন। প্রশ্নে যদি বিয়োগ করতে বলে, তাহলে যা ভাগশেষ থাকবে তাই উত্তর আর যদি যোগ করতে বলে, তাহলে লসাগু থেকে ভাগশেষ বিয়োগ করলে যা থাকবে তাই উত্তর।

উদাহরণ: তিন অঙ্কের ক্ষুদ্রতম সংখ্যার হতে কত বিয়োগ করলে তা ৫, ১০, ১৫ দ্বারা নিঃশেষে বিভাজ্য হবে?

সমাধান:

তিন অঙ্কের ক্ষুদ্রতম সংখ্যা ১০০

৫, ১০, ১৫ এর লসাগু = ৩০

∴ ৩০) ১০০ (৩

৯০

১০

যেহেতু ১০ ভাগশেষ তাই ১০ বিয়োগ করতে হবে।

দৃষ্টি আকর্ষণ: মনে রাখবেন, বিয়োগ করতে বললে ভাগশেষ যা থাকবে তাই উত্তর আর যোগ করতে বললে লসাগু থেকে ভাগশেষ বিয়োগ করতে হবে।

Type-3 এর আলোকে বিভিন্ন পরীক্ষায় আগত প্রশ্ন ও সমাধান

১৪. কোনো ক্ষুদ্রতম সংখ্যাকে ৩, ৪ ও ৫ দ্বারা ভাগ করলে নিঃশেষে বিভাজ্য? [প্রতিরক্ষা মন্ত্রণালয়ের সিভিলিয়ান স্টাফ অফিসার এবং সহকারী পরিচালক ২০১৬]

- (ক) ১৬০ (খ) ৯০
(গ) ১২০ (ঘ) ৬০

ব্যাখ্যা

৩, ৪, ৫ এর লসাগু = $3 \times 4 \times 5 = 60$
৬০ কে ৩, ৪, ৫ দ্বারা ভাগ করলে নিঃশেষে বিভাজ্য হবে।

১৫. সর্বমোট কত সংখ্যক গাছ হলে একটি বাগানে ৭, ১৪, ২১, ৩৫ ও ৪২ সারিতে গাছ লাগালে একটিও কম বা বেশি হবে না?

- [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ-২০১৪ (অনু: ২০১৮)]
(ক) ২১০ (খ) ২২০
(গ) ২৩০ (ঘ) ২৬০

ব্যাখ্যা

$$\begin{array}{r} 2 \overline{) 9, 14, 21, 35, 42} \\ 2 \overline{) 9, 9, 21, 35, 21} \\ 9 \overline{) 9, 9, 9, 35, 9} \\ 1, 1, 1, 5, 1 \end{array}$$

$\therefore 9, 14, 21, 35, 42$ এর লসাগু = $2 \times 3 \times 7 \times 5 = 210$
 \therefore সর্বমোট ২১০ টি গাছ লাগাতে হবে।

১৬. একটি স্কুলে প্যারেড করার সময় ছাত্রদের ১০, ১২ বা ১৬ সারিতে সাজানো হয়। ঐ স্কুলে ন্যূনতম কতজন ছাত্র আছে?

- [সাব-রেজিস্টার-২০১৬]
(ক) ২৫০ (খ) ২০০
(গ) ২২০ (ঘ) ২৪০

ব্যাখ্যা

$$\begin{array}{r} 2 \overline{) 10, 12, 16} \\ 2 \overline{) 5, 6, 8} \\ 5, 3, 4 \end{array}$$

১০, ১২, ১৬ এর লসাগু = $2 \times 2 \times 5 \times 2 \times 2 = 280$
 \therefore ঐ স্কুলে ন্যূনতম ২৪০ জন ছাত্র আছে।

১৭. কোন ক্ষুদ্রতম সংখ্যাকে ৪, ৫, ও ৬ দিয়ে ভাগ করলে প্রত্যেকবার ৩ অবশিষ্ট থাকে?

- [প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (৪র্থ ধাপ) ২০১৯]
(ক) ৩৩ (খ) ৪৩
(গ) ৫৩ (ঘ) ৬৩

ব্যাখ্যা

$$\begin{array}{r} 2 \overline{) 4, 5, 6} \\ 2, 5, 3 \end{array}$$

৪, ৫, ৬ এর লসাগু = $2 \times 2 \times 5 \times 3 = 60$
নির্ণেয় ক্ষুদ্রতম সংখ্যা = $(60 + 3) = 63$

১৮. কোন স্কুলের ছাত্র সংখ্যাকে ৫, ৮, ২০ দ্বারা ভাগ করলে প্রতিবারই ৪ জন ছাত্র অবশিষ্ট থাকে। ঐ স্কুলের ছাত্র সংখ্যা কত? [প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০২০ (২য় ধাপ)]

- (ক) ৫৪ (খ) ৬০
(গ) ৪৪ (ঘ) ৪০

ব্যাখ্যা

$$\begin{array}{r} 2 \overline{) 5, 8, 20} \\ 2 \overline{) 5, 8, 10} \\ 5 \overline{) 5, 2, 5} \\ 1, 2, 1 \end{array}$$

৫, ৮, ২০ এর লসাগু = $2 \times 2 \times 5 \times 2 = 80$
 \therefore নির্ণেয় ছাত্র সংখ্যা = $(80 + 8) = 88$

১৯. কোন ক্ষুদ্রতম সংখ্যাকে ৩, ৫ ও ৬ দ্বারা ভাগ করলে ভাগশেষ হবে ১? [সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০২০ (১ম ধাপ); বাংলাদেশ ডাক বিভাগ পোস্টাল অপারেটর ২০১৯; বাংলাদেশ রেলওয়ে (পূর্বাঞ্চল) নিয়োগ-২০১৭]

- (ক) ৩১ (খ) ৩৯
(গ) ৭১ (ঘ) ৪১

ব্যাখ্যা

$$\begin{array}{r} 3 \overline{) 3, 5, 6} \\ 1, 5, 2 \end{array}$$

৩, ৫, ৬ এর লসাগু = $3 \times 5 \times 2 = 30$
 $(30 + 1) = 31$ সংখ্যাটিকে প্রদত্ত অঙ্কগুলো দ্বারা ভাগ করলে ভাগশেষ ১ হবে।

২০. কোন ক্ষুদ্রতম সংখ্যাকে ১২, ১৫, ২০ ও ২৫ দ্বারা ভাগ করলে প্রতিক্ষেত্রে ১১ অবশিষ্ট থাকে?

- [১৬তম শিক্ষক নিবন্ধন-স্কুল পর্যায় (সেট:০৩): ২০১৯]
(ক) ৪১১ (খ) ১১১
(গ) ২১১ (ঘ) ৩১১

ব্যাখ্যা

$$\begin{array}{r} 2 \overline{) 12, 15, 20, 25} \\ 2 \overline{) 6, 15, 10, 25} \\ 3 \overline{) 3, 15, 5, 25} \\ 5 \overline{) 1, 5, 5, 25} \\ 1, 1, 1, 5 \end{array}$$

১২, ১৫, ২০, ২৫ এর লসাগু = $2 \times 2 \times 3 \times 5 \times 5 = 300$
 \therefore নির্ণেয় সংখ্যা $(300 + 11) = 311$

২১. কোন লঘিষ্ঠ সংখ্যার সাথে ২ যোগ করলে যোগফল ১২, ১৮, ২৪ দ্বারা বিভাজ্য হবে?

- [৩০তম বিসিএস]
(ক) ৮৯ (খ) ৭০
(গ) ১৭০ (ঘ) ১৪২

ব্যাখ্যা

$$\begin{array}{r} 2 \overline{) 12, 18, 24} \\ 2 \overline{) 6, 9, 12} \\ 3 \overline{) 3, 9, 6} \\ 1, 3, 2 \end{array}$$

১২, ১৮, ২৪ এর লসাগু = $2 \times 2 \times 3 \times 3 \times 2 = 72$
 \therefore নির্ণেয় সংখ্যা = $(72 - 2) = 70$

২২. কোন ক্ষুদ্রতম সংখ্যার সাথে ৩ যোগ করলে যোগফল ২৪, ৩৬ এবং ৪৮ দ্বারা নিঃশেষে বিভাজ্য হবে?

- [২৬তম বিসিএস]
(ক) ১৪১ (খ) ১৪৪
(গ) ১৪২ (ঘ) ১৪৩

ব্যাখ্যা

$$\begin{array}{r} 2 \overline{) 24, 36, 48} \\ 2 \overline{) 12, 18, 24} \\ 2 \overline{) 6, 9, 12} \\ 3 \overline{) 3, 9, 6} \\ 1, 3, 2 \end{array}$$

২৪, ৩৬, ৪৮ এর লসাগু = $2 \times 2 \times 2 \times 3 \times 3 \times 2 = 144$
 \therefore নির্ণেয় সংখ্যা = $(144 - 3) = 141$

২৩. কোনো ক্ষুদ্রতম সংখ্যা থেকে ৫ বিয়োগ করলে বিয়োগফল ৬ এবং ১০ দ্বারা নিঃশেষে বিভাজ্য হবে? [স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের নাসিং ও মিডওয়াইফ অধিদপ্তরের মিডওয়াইফ ২০১৭]
- (ক) ৩০ (খ) ৩৫
(গ) ৬৫ (ঘ) ১২৫

ব্যাখ্যা

$$\begin{array}{r} 2 \overline{) 6, 10} \\ \underline{3, 5} \\ 0 \end{array}$$

৬, ১০ এর লসাগু = $2 \times 3 \times 5 = 30$
 \therefore নির্ণেয় ক্ষুদ্রতম সংখ্যা = $(30 + 5) = 35$

২৪. ১৯৭ এর সাথে কত যোগ করলে সংখ্যাটি ৯, ১৫ এবং ২৫ দ্বারা নিঃশেষে বিভাজ্য হবে? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০২০ (২য় ধাপ)]
- (ক) ২৭ (খ) ২৮
(গ) ২৯ (ঘ) ২৫

ব্যাখ্যা

$$\begin{array}{r} 3 \overline{) 9, 15, 25} \\ \underline{3, 5, 5} \\ 0 \end{array}$$

৯, ১৫, ২৫ এর লসাগু = $3 \times 5 \times 5 = 75$
 \therefore ১৯৭ এর সাথে $(75 - 197) = 28$ সংখ্যাটি যোগ করলে যোগফল প্রদত্ত অঙ্কগুলো দ্বারা নিঃশেষে বিভাজ্য হবে।

২৫. একটি বাস্তবে ২৬০ টি কলম আছে। এর সাথে আরো কমপক্ষে কতগুলো কলম যোগ করলে সেগুলো ৩, ৪ অথবা ৬ জন ছাত্রের মধ্য সমান ভাবে ভাগ করে দেওয়া যাবে? [Bangladesh Shipping Cor: Upper As-2018]
- (ক) ১২টি (খ) ৪টি
(গ) ১৬টি (ঘ) ৮টি

ব্যাখ্যা

$$\begin{array}{r} 2 \overline{) 3, 4, 6} \\ \underline{3, 2, 3} \\ 1, 2, 1 \end{array}$$

৩, ৪, ৬ এর লসাগু = $2 \times 3 \times 2 = 12$
 $12 \mid 260 \text{ (২১)}$
 $\frac{260}{12} = 21 \text{ R } 8$
 $\frac{20}{12} = 1 \text{ R } 8$
 $\frac{12}{12} = 1 \text{ R } 0$
 $\frac{8}{12} = 0 \text{ R } 8$

কমপক্ষে কলম যোগ করতে হবে $(12 - 8) = 4$ টি।

২৬. একটি প্যাকেটে ৫২০ টি মার্বেল আছে। এতে কমপক্ষে আরো কতগুলো মার্বেল যোগ করা হলে সেগুলো ৩, ৪ অথবা ৬ জন ছাত্রের মধ্যে সমানভাবে ভাগ করে দেয়া যাবে? [BADC, Computer Operator-2018]
- (ক) ৪টি (খ) ৬টি
(গ) ৮টি (ঘ) ১২টি

ব্যাখ্যা

$$\begin{array}{r} 2 \overline{) 3, 4, 6} \\ \underline{3, 2, 3} \\ 1, 2, 1 \end{array}$$

৩, ৪, ৬ এর লসাগু = $2 \times 3 \times 2 = 12$
 $12 \mid 520 \text{ (৪৩)}$
 $\frac{520}{12} = 43 \text{ R } 8$
 $\frac{80}{12} = 6 \text{ R } 8$
 $\frac{36}{12} = 3 \text{ R } 0$
 $\frac{8}{12} = 0 \text{ R } 8$

কমপক্ষে মার্বেল যোগ করতে হবে $(12 - 8) = 4$ টি।

২৭. তিন অঙ্কের ক্ষুদ্রতম সংখ্যা হতে কোন লঘিষ্ঠ সংখ্যা বিয়োগ করলে বিয়োগফল ৫, ১০, ১৫ দ্বারা বিভাজ্য হবে? [বাংলাদেশ রেলওয়ের বুকিং সহকারী গ্রেড-২: ২০১১]
- (ক) ১০ (খ) ৮
(গ) ৬ (ঘ) ১২

ব্যাখ্যা

$$\begin{array}{r} 5 \overline{) 5, 10, 15} \\ \underline{1, 2, 3} \\ 0 \end{array}$$

৫, ১০, ১৫ এর লসাগু = $5 \times 2 \times 3 = 30$
৩ অঙ্কের ক্ষুদ্রতম সংখ্যা ১০০
 $30 \mid 100 \text{ (৩)}$
 $\frac{100}{30} = 3 \text{ R } 10$
 $\frac{90}{30} = 3 \text{ R } 0$
 $\frac{10}{30} = 0 \text{ R } 10$

\therefore ১০০ হতে ১০ বিয়োগ করলে বিয়োগফল প্রদত্ত অঙ্কগুলো দ্বারা বিভাজ্য হবে।

২৮. ৫ অঙ্কের ক্ষুদ্রতম সংখ্যা হতে কোনো লঘিষ্ঠ সংখ্যা বিয়োগ করলে বিয়োগফল ৫, ১০, ১৫ দ্বারা বিভাজ্য হবে? [মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের প্রদর্শক ২০১৩]
- (ক) ৫ (খ) ১০
(গ) ১৫ (ঘ) ২০

ব্যাখ্যা

$$\begin{array}{r} 5 \overline{) 5, 10, 15} \\ \underline{1, 2, 3} \\ 0 \end{array}$$

৫, ১০, ১৫ এর লসাগু = $5 \times 2 \times 3 = 30$
৫ অঙ্কের ক্ষুদ্রতম সংখ্যা ১০০০০
 $30 \mid 10000 \text{ (৩৩৩)}$
 $\frac{10000}{30} = 333 \text{ R } 10$
 $\frac{9900}{30} = 330 \text{ R } 0$
 $\frac{900}{30} = 30 \text{ R } 0$
 $\frac{90}{30} = 3 \text{ R } 0$
 $\frac{10}{30} = 0 \text{ R } 10$

\therefore নির্ণেয় লঘিষ্ঠ সংখ্যা ১০।

২৯. একটি স্কুলে ছাত্রদের ড্রিল করবার সময় ৮, ১০ এবং ১২ সারিতে সাজানো যায়। আবার বর্গাকারেও সাজানো যায়। ঐ স্কুলে কতজন ছাত্র আছে? [সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০২০ (২য় ধাপ)]
- (ক) ৩০০০ (খ) ৩৬০০
(গ) ২৪০০ (ঘ) ১২০০

ব্যাখ্যা

$$\begin{array}{r} 2 \overline{) 8, 10, 12} \\ \underline{4, 5, 6} \\ 2, 5, 3 \end{array}$$

৮, ১০, ১২ এর লসাগু = $2 \times 2 \times 2 \times 5 \times 3 = 120$
লসাগু = $(2 \times 2) \times 2 \times 5 \times 3 = 120$ ।
এখানে, উৎপাদকসমূহ থেকে দেখা যাচ্ছে, ২, ৫ ও ৩ উৎপাদকসমূহ হচ্ছে সিঙ্গেল, তাই ১২০ কে বর্গাকারে সাজানো যাবে না। কিন্তু বর্গাকারে সাজানোর শর্ত হচ্ছে, উৎপাদকসমূহকে জোড়ায় জোড়ায় থাকতে হবে, তাই উৎপাদকসমূহকে জোড়ায় জোড়ায় সাজাতে হবে।
অর্থাৎ 120 কে $2 \times 5 \times 3 = 30$ দ্বারা গুণ করতে হবে।
 $(120 \times 30) = 3600$ কে ৮, ১০ ও ১২ সারিতেও সাজানো যাবে এবং বর্গাকারেও সাজানো যাবে।

Type-4 : ভিন্ন ভিন্ন ভাগশেষ থাকলে লসাগু

ধরুন আপনাকে বলা হলো কোনো ক্ষুদ্রতম সংখ্যা বা পূর্ণসংখ্যাকে ৬, ১২, ১৮ দ্বারা ভাগ করলে যথাক্রমে ২, ৮ ও ১৪ অবশিষ্ট থাকবে? প্রথমে আপনি ৬, ১২, ১৮ এর লসাগু বের করুন।

৬, ১২ ও ১৮ এর লসাগু = ৩৬

এরপর বলা আছে, ৬, ১২, ১৮ দ্বারা ভাগ করলে ভাগশেষ যথাক্রমে ২, ৮ ও ১৪ হবে। এক্ষেত্রে ৬, ১২, ১৮ হতে যথাক্রমে ২, ৮ ও ১৪ ভাগশেষগুলো বিয়োগ করলে বিয়োগফল একই পাবেন।

৬ - ২ = ৪ ১২ - ৮ = ৪ ১৮ - ১৪ = ৪

সবশেষে লসাগু হতে প্রাপ্ত বিয়োগফল ৪ বিয়োগ করলে আপনি উত্তর পেয়ে যাবেন।

∴ নির্ণেয় ক্ষুদ্রতম সংখ্যা বা পূর্ণসংখ্যা = (৩৬ - ৪) = ৩২।

Type-4 এর আলোকে বিভিন্ন পরীক্ষায় আগত প্রশ্ন ও সমাধান

৩০. নিচের কোন পূর্ণ সংখ্যাটিকে ৩, ৪, ৫ এবং ৬ দ্বারা ভাগ করলে যথাক্রমে ১, ২, ৩ ও ৪ অবশিষ্ট থাকে? [৪০তম বিসিএস]

- (ক) ৪৮ (খ) ৫৪
(গ) ৫৮ (ঘ) ৬০

ব্যাখ্যা

এখানে, ৩ - ১ = ২, ৪ - ২ = ২, ৫ - ৩ = ২ এবং ৬ - ৪ = ২। সুতরাং নির্ণেয় সংখ্যাটি হবে ৩, ৪, ৫ এবং ৬ এর লসাগু অপেক্ষা ২ কম।

$$\begin{array}{r} 2 \mid 3, 4, 5, 6 \\ 3 \mid 3, 2, 4, 3 \\ \hline 1, 2, 4, 1 \end{array}$$

∴ ৩, ৪, ৫, ৬ এর লসাগু = $2 \times 3 \times 2 \times 4 = 60$

∴ নির্ণেয় সংখ্যাটি = (৬০ - ২) = ৫৮

৩১. কোনো লঘিষ্ঠ সংখ্যাকে ১২ ও ১৬ দ্বারা ভাগ করলে অবশিষ্ট যথাক্রমে ৫ ও ৯ হবে?

- (ক) ৫৩ (খ) ২৯
(গ) ৮৮ (ঘ) ৪১

[সরকারি মাধ্যমিক বিদ্যালয়: সহকারী শিক্ষক ২০১৯]

ব্যাখ্যা

১২ - ৫ = ৭, ১৬ - ৯ = ৭
নির্ণেয় সংখ্যাটি হবে ১২ ও ১৬ এর লসাগু অপেক্ষা ৭ কম।

$$\begin{array}{r} 2 \mid 12, 16 \\ 2 \mid 6, 8 \\ \hline 3, 8 \end{array}$$

১২, ১৬ এর লসাগু = $2 \times 2 \times 3 \times 8 = 84$

∴ নির্ণেয় সংখ্যাটি = (৮৪ - ৭) = ৭৭

৩২. একটি পূর্ণ সংখ্যা নির্ণয় করুন যাকে ৩, ৪, ৫ এবং ৬ দ্বারা ভাগ করলে যথাক্রমে ২, ৩, ৪ এবং ৫ অবশিষ্ট থাকে।

- (ক) ৫৮ (খ) ৬০ (গ) ৫৪ (ঘ) ৫৯

[থানা সহকারী শিক্ষা অফিসার-০৫]

ব্যাখ্যা

৩ - ২ = ১, ৪ - ৩ = ১, ৫ - ৪ = ১, ৬ - ৫ = ১
নির্ণেয় সংখ্যাটি হবে ৩, ৪, ৫, ৬ এর লসাগু অপেক্ষা ১ কম।

$$\begin{array}{r} 2 \mid 3, 4, 5, 6 \\ 3 \mid 3, 2, 4, 3 \\ \hline 1, 2, 4, 1 \end{array}$$

৩, ৪, ৫, ৬ এর লসাগু = $2 \times 3 \times 2 \times 4 = 60$

∴ নির্ণেয় সংখ্যা = (৬০ - ১) = ৫৯।

৩৩. কোনো লঘিষ্ঠ সংখ্যাকে ২৪ ও ৩৬ দ্বারা ভাগ করলে যথাক্রমে ১৪ ও ২৬ অবশিষ্ট থাকবে?

- (ক) ৪৮ (খ) ৬২ (গ) ৭২ (ঘ) ৮৪

[যুব উন্নয়ন অধিদপ্তরের সহকারী পরিচালক: ৯৪]

ব্যাখ্যা

২৪ - ১৪ = ১০, ৩৬ - ২৬ = ১০

নির্ণেয় সংখ্যাটি হবে ২৪ ও ৩৬ এর লসাগু অপেক্ষা ১০ কম।

$$\begin{array}{r} 2 \mid 24, 36 \\ 2 \mid 12, 18 \\ 3 \mid 6, 9 \\ \hline 2, 3 \end{array}$$

২৪, ৩৬ এর লসাগু = $2 \times 2 \times 3 \times 2 \times 3 = 92$

∴ নির্ণেয় সংখ্যা = (৯২ - ১০) = ৮২।

৩৪. ক্ষুদ্রতম কোন সংখ্যাকে ১৬, ২৪ এবং ৩৬ দ্বারা ভাগ করলে যথাক্রমে ৬, ১৪ ও ২৬ ভাগশেষ থাকবে? [IBBL-ATO-2017]

- (ক) ১৪৪ (খ) ১৩৪
(গ) ১৫৪ (ঘ) ১৬৪

ব্যাখ্যা

এখানে, ১৬ - ৬ = ১০; ২৪ - ১৪ = ১০; ৩৬ - ২৬ = ১০

অর্থাৎ নির্ণেয় সংখ্যা হবে ১৬, ২৪, ৩৬ এর লসাগু অপেক্ষা ১০ কম।

$$\begin{array}{r} 2 \mid 16, 24, 36 \\ 2 \mid 8, 12, 18 \\ 2 \mid 4, 6, 9 \\ 3 \mid 2, 3, 3 \\ \hline 2, 1, 3 \end{array}$$

১৬, ২৪, ৩৬ এর লসাগু = $2 \times 2 \times 2 \times 3 \times 2 \times 3 = 144$

∴ নির্ণেয় সংখ্যা = (১৪৪ - ১০) = ১৩৪

৩৫. কোনো ক্ষুদ্রতম সংখ্যাকে ২০, ২৫, ৩০, ৩৬ ও ৪৮ দ্বারা ভাগ করলে যথাক্রমে ১৫, ২০, ২৫, ৩১ ও ৪৩ ভাগশেষ থাকে?

[কারিগরি শিক্ষা অধিদপ্তরের অধীনে চীফ ইন্সট্রাক্টর: ০৩]

- (ক) ৩৪২৫ (খ) ৩৪৭৮
(গ) ৩৫৯৫ (ঘ) ৩৫৬৫

ব্যাখ্যা

২০ - ১৫ = ৫, ২৫ - ২০ = ৫, ৩০ - ২৫ = ৫,

৩৬ - ৩১ = ৫, ৪৮ - ৪৩ = ৫

নির্ণেয় সংখ্যাটি হবে ২০, ২৫, ৩০, ৩৬ ও ৪৮ এর লসাগু অপেক্ষা ৫ কম।

$$\begin{array}{r} 2 \mid 20, 25, 30, 36, 48 \\ 2 \mid 10, 25, 15, 18, 24 \\ 3 \mid 5, 25, 15, 6, 12 \\ 5 \mid 1, 25, 3, 2, 4 \\ \hline 1, 5, 1, 3, 8 \end{array}$$

২০, ২৫, ৩০, ৩৬, ৪৮ এর লসাগু

= $2 \times 2 \times 3 \times 5 \times 5 \times 3 \times 8 = 3600$

∴ নির্ণেয় সংখ্যাটি = (৩৬০০ - ৫) = ৩৫৯৫।

Type-5 : সংখ্যাগুলোর গসাগু = ভাজক

- ❖ আপনাকে বলা হলো, কোনো বৃহত্তম সংখ্যা দ্বারা ২০, ৩০ ও ৩৬ কে ভাগ করলে নিঃশেষে বিভাজ্য হবে। এখানে আপনাকে ২০, ৩০ ও ৩৬ এর সাধারণ ভাজক বের করতে হবে আর ভাজক হবে সংখ্যাগুলোর গসাগু'র সমান। ২০, ৩০, ৩৬ এর গসাগু = ২ অর্থাৎ ২ দ্বারা সংখ্যাগুলো নিঃশেষে বিভাজ্য হবে।

সংখ্যাগুলোর গসাগু = ভাজক

- ❖ মনে রাখবেন, ভাগশেষ বা অবশিষ্ট দেওয়া থাকলে প্রথমে মূল সংখ্যা থেকে তা বিয়োগ করে তারপর গসাগু নির্ণয় করতে হবে।
যেমন: আপনাকে বলা হলো, কোন বৃহত্তম সংখ্যা দ্বারা ২১১ এবং ৯৩৯ কে ভাগ করলে প্রত্যেকক্ষেত্রে ৩ ভাগশেষ থাকবে? এক্ষেত্রে বৃহত্তম সংখ্যা হবে $(২১১ - ৩) = ২০৮$ এবং $(৯৩৯ - ৩) = ৯৩৬$ এর গসাগু।
২০৮ এবং ৯৩৬ এর গসাগু = ১০৪
∴ বৃহত্তম সংখ্যা হচ্ছে ১০৪।

Type-5 এর আলোকে বিভিন্ন পরীক্ষায় আগত প্রশ্ন ও সমাধান

৩৬. কতজন শিশুর মধ্যে কোন ফল না ভেঙ্গে ১১৫ টি কমলা এবং ১৩৫টি কলা সমানভাবে ভাগ করে দেয়া যায়? [গবেষণা কর্মকর্তা-১৮]

- (ক) ৫ (খ) ১০
(গ) ১২ (ঘ) ১৫

ব্যাখ্যা

৫ | ১১৫, ১৩৫
২৩, ২৭
১১৫ ও ১৩৫ এর গসাগু = ৫
অর্থাৎ ৫ জন শিশুর মধ্যে উক্ত ফলগুলো সমানভাবে ভাগ করে দেওয়া যাবে।

৩৭. কতজন বালককে ১২৫ টি কমলালেবু এবং ১৪৫ টি কলা সমানভাবে ভাগ করে দেয়া যাবে? [মাদক দ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর-৯২]

- (ক) ৫ (খ) ৬
(গ) ৩ (ঘ) ৪

ব্যাখ্যা

৫ | ১২৫, ১৪৫
২৫, ২৯
১২৫ ও ১৪৫ এর গসাগু = ৫
অর্থাৎ ৫ জন বালককে উক্ত ফলগুলো সমানভাবে ভাগ করে দেওয়া যাবে।

৩৮. ৩০ টি আম ও ৩৬ টি লিচু সর্বোচ্চ কতজনের বালকের মধ্যে নিঃশেষে ভাগ করে দেয়া যাবে?

- (ক) ৫ (খ) ৬
(গ) ৩ (ঘ) ৮

ব্যাখ্যা

২ | ৩০, ৩৬
৩ | ১৫, ১৮
৫, ৬
৩০, ৩৬ এর গসাগু = $২ \times ৩ = ৬$
∴ সর্বোচ্চ ৬ জন বালকের মধ্যে উক্ত ফলগুলো নিঃশেষে ভাগ করে দেওয়া যাবে।

৩৯. কোন বৃহত্তম সংখ্যা দ্বারা ২৭, ৪০ ও ৬৫ কে ভাগ করলে যথাক্রমে ৩, ৪, ৫ ভাগশেষ থাকবে?

[প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (৩য় ধাপ) ২০১৯]

- (ক) ১০ (খ) ১২
(গ) ১৪ (ঘ) ১৬

ব্যাখ্যা

২৭ - ৩ = ২৪, ৪০ - ৪ = ৩৬, ৬৫ - ৫ = ৬০
নির্ণয় বৃহত্তম সংখ্যাটি হবে ২৪, ৩৬ ও ৬০ এর গসাগু।
২ | ২৪, ৩৬, ৬০
২ | ১২, ১৮, ৩০
৩ | ৬, ৯, ১৫
২, ৩, ৫
২৪, ৩৬, ৬০ এর গসাগু = $২ \times ২ \times ৩ = ১২$
নির্ণয় বৃহত্তম সংখ্যাটি হলো ১২।

৪০. বৃহত্তম কোন সংখ্যা দ্বারা ২১১ এবং ৯৩৯ কে ভাগ করলে প্রত্যেক ক্ষেত্রে ৩ ভাগশেষ থাকবে?

[বিভিন্ন মন্ত্রণালয় ব্যক্তিগত কর্মকর্তা নিয়োগ-২০১৮]

- (ক) ১০২ (খ) ১০৪
(গ) ১০৮ (ঘ) ১১২

ব্যাখ্যা

বৃহত্তম সংখ্যাটি হবে $(২১১ - ৩) = ২০৮$ ও $(৯৩৯ - ৩) = ৯৩৬$ এর গসাগু।
২ | ২০৮, ৯৩৬
২ | ১০৪, ৪৬৮
২ | ৫২, ২৩৪
১৩ | ২৬, ১১৭
২, ৯
২০৮ ও ৯৩৬ এর গসাগু = $২ \times ২ \times ২ \times ১৩ = ১০৪$
∴ নির্ণয় বৃহত্তম সংখ্যাটি ১০৪।

৪১. কোন বৃহত্তম সংখ্যা দ্বারা ১০০ ও ১৮৪ কে ভাগ করলে প্রত্যেকবার ভাগশেষ ৪ থাকবে?

[৬ষ্ঠ শ্রেণি- অনু: ১.৩; ডাক অধিদ: উপ: পোস্টমাস্টার-২০১৬]

- (ক) ১৪ (খ) ১০
(গ) ১২ (ঘ) ১৬

ব্যাখ্যা

১০০ - ৪ = ৯৬, ১৮৪ - ৪ = ১৮০
নির্ণয় বৃহত্তম সংখ্যাটি হবে ৯৬ ও ১৮০ এর গসাগু।
২ | ৯৬, ১৮০
২ | ৪৮, ৯০
৩ | ২৪, ৪৫
৮, ১৫
৯৬ ও ১৮০ এর গসাগু = $২ \times ২ \times ৩ = ১২$
∴ নির্ণয় বৃহত্তম সংখ্যাটি ১২।

Type-6 : অনুপাতের ক্ষেত্রে লসাগু ও গসাগু

- ❖ প্রশ্নে দুটি সংখ্যার অনুপাত এবং গসাগু দেওয়া থাকলে একেবারে মুহূর্তের মধ্যে আপনি লসাগু বের করতে পারবেন। এক্ষেত্রে লসাগু হবে অনুপাত দুটির গুণফল এবং তার সাথে গসাগু এর গুণফল। অর্থাৎ প্রশ্নের সংখ্যা তিনটি গুণ করলেই আপনি লসাগু পেয়ে যাবেন।

উদাহরণ: দুটি সংখ্যার অনুপাত ৩ : ৪। গসাগু ৫ হলে, লসাগু কত?

সমাধান:

এখানে লসাগু হবে অনুপাত দুটির গুণফল এবং তার সাথে গসাগু এর গুণফল।

$$\therefore \text{লসাগু} = \text{অনুপাতের গুণফল} \times \text{গসাগু}$$

$$= (3 \times 4 \times 5) = 60$$

$$\text{লসাগু} = \text{অনুপাতের গুণফল} \times \text{গসাগু}$$

- ❖ প্রশ্নে দুটি সংখ্যার অনুপাত এবং লসাগু দেওয়া থাকলে আপনি লসাগু-কে অনুপাতের গুণফল দ্বারা ভাগ করে মুহূর্তের মধ্যে গসাগু বের করতে পারবেন।

উদাহরণ: দুটি সংখ্যার অনুপাত ৩ : ৪ এবং লসাগু ৬০ হলে গসাগু কত?

সমাধান:

$$\text{গসাগু} = \frac{\text{লসাগু}}{\text{অনুপাতের গুণফল}} = \frac{60}{3 \times 4} = \frac{60}{12} = 5$$

$$\text{গসাগু} = \frac{\text{লসাগু}}{\text{অনুপাতের গুণফল}}$$

- ❖ দুটি সংখ্যার অনুপাত এবং গসাগু থাকলে গসাগু দিয়ে অনুপাতের ছোট সংখ্যাটিকে গুণ করলে ছোট বা ক্ষুদ্রতম সংখ্যাটি এবং গসাগু দিয়ে অনুপাতের বড় সংখ্যাটিকে গুণ করলে বড় বা বৃহত্তম সংখ্যাটি খুব সহজে ম্যাজিকের মত করে বের করতে পারবেন।

উদাহরণ-১: দুটি সংখ্যার অনুপাত ৩ : ৪। গসাগু ১৫ হলে ছোট সংখ্যাটি কত?

সমাধান:

$$\text{ছোট সংখ্যা} = \text{গসাগু} \times \text{অনুপাতের ছোট সংখ্যা}$$

$$= (15 \times 3) = 45$$

শর্টকাট

$$\begin{aligned} \text{ছোট বা ক্ষুদ্রতম সংখ্যা} &= \text{গসাগু} \times \text{অনুপাতের ছোট সংখ্যা} \\ \text{বড় বা বৃহত্তম সংখ্যা} &= \text{গসাগু} \times \text{অনুপাতের বড় সংখ্যা} \end{aligned}$$

উদাহরণ-২: দুটি সংখ্যার অনুপাত ৩ : ৪। গসাগু ৫ হলে বৃহত্তম সংখ্যাটি কত?

সমাধান:

$$\text{বৃহত্তম সংখ্যা} = \text{গসাগু} \times \text{অনুপাতের বড় সংখ্যা}$$

$$= (5 \times 4) = 20$$

- ❖ আবার, প্রশ্নে দুটি সংখ্যার অনুপাত এবং লসাগু থাকলে প্রথমে আপনাকে গসাগু বের করে নিতে হবে। এরপর পূর্বের নিয়মেই ছোট/বড় সংখ্যা বের করতে পারবেন।

উদাহরণ: দুটি সংখ্যার অনুপাত ৫ : ৭ এবং লসাগু ১৪০ হলে, বৃহত্তম সংখ্যাটি কত?

সমাধান:

$$\text{গসাগু} = \frac{\text{লসাগু}}{\text{অনুপাতের গুণফল}} = \frac{140}{5 \times 7} = \frac{140}{35} = 4$$

$$\therefore \text{বৃহত্তম সংখ্যা} = \text{গসাগু} \times \text{অনুপাতের বড় সংখ্যা}$$

$$= 4 \times 7 = 28$$

Type-6 এর আলোকে বিভিন্ন পরীক্ষায় আগত প্রশ্ন ও সমাধান

৪২. দুইটি সংখ্যার অনুপাত ৭ : ৫ এবং তাদের লসাগু ১৪০ হলে সংখ্যা দুটির গসাগু কত? [৩৯তম বিসিএস-বিশেষ]

- (ক) ৬ (খ) ৯
(গ) ১২ (ঘ) ৪

ব্যাখ্যা

$$\text{গসাগু} = \frac{\text{লসাগু}}{\text{অনুপাতের গুণফল}}$$

$$= \frac{140}{7 \times 5} = 8$$

লিখিত পদ্ধতি

ধরি, সংখ্যা দুটি যথাক্রমে ৭ক ও ৫ক
∴ এদের লসাগু = ৩৫ক
এবং গসাগু = ক
প্রশ্নমতে, ৩৫ক = ১৪০
বা, ক = $\frac{140}{35}$
∴ ক = ৪
∴ সংখ্যা দুটির গসাগু ৪।

৪৩. দুটি সংখ্যার অনুপাত ৫ : ৭ এবং তাদের লসাগু ৩৫০। সংখ্যা দুটির গসাগু—

[১৫তম প্রভাষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা (কলেজ/সমপর্যায়) ২০১৯; স্বাস্থ্য মন্ত্রণালয়ের অধীনে সহকারী প্রকৌশলী (সিভিল) ২০১৭; বাংলাদেশ রেলওয়ের উপসহকারী (সিভিল) ২০১৬; ১০ম বেসরকারি প্রভাষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা-২০১৪]

- (ক) ৫০ (খ) ৭০
(গ) ৩৫ (ঘ) ১০

ব্যাখ্যা

$$\text{গসাগু} = \frac{\text{লসাগু}}{\text{অনুপাতের গুণফল}}$$

$$= \frac{350}{5 \times 7} = \frac{350}{35} = 10$$

লিখিত পদ্ধতি ৪২নং প্রশ্নের অনুরূপ।

৪৪. দুইটি সংখ্যা অনুপাত ৫ : ৬ এবং তাদের লসাগু ১২০ হলে সংখ্যা দুইটির গসাগু কত?

[১০ম শিক্ষক নিবন্ধন (কলেজ/সমপর্যায়)-২০১৪]

- (ক) ৪ (খ) ৫
(গ) ৬ (ঘ) ৮

ব্যাখ্যা

$$\text{গসাগু} = \frac{\text{লসাগু}}{\text{অনুপাতের গুণফল}}$$

$$= \frac{120}{5 \times 6} = 8$$

লিখিত পদ্ধতি ৪২নং প্রশ্নের অনুরূপ।

৪৫. দুইটি সংখ্যার অনুপাত ৫ : ৭ এবং তাদের গসাগু ৮ হলে, তাদের লসাগু হবে— [প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০২০ (২য় ধাপ)]

- (ক) ২৬০ (খ) ২৮০
(গ) ২৯২ (ঘ) ৩১২

ব্যাখ্যা

$$\text{লসাগু} = \text{অনুপাতের গুণফল} \times \text{গসাগু}$$

$$= 5 \times 7 \times 8$$

$$= 280$$

লিখিত পদ্ধতি

ধরি, সংখ্যা দুটি যথাক্রমে ৫ক ও ৭ক
∴ এদের লসাগু = ৩৫ক
এবং গসাগু = ৮
প্রশ্নমতে, ক = ৮
∴ গসাগু = ৮
এবং লসাগু = ৩৫ × ৮ = ২৮০

৪৬. দুটি সংখ্যার অনুপাত ৩ : ২ এবং গসাগু ৪ হলে, তাদের লসাগু কত? [১৪তম শিক্ষক নিবন্ধন (স্কুল-২/সমপর্যায়)-২০১৭]

- (ক) ৬ (খ) ৮
(গ) ১২ (ঘ) ২৪

ব্যাখ্যা

$$\text{লসাগু} = \text{অনুপাতের গুণফল} \times \text{গসাগু}$$

$$= 3 \times 2 \times 4$$

$$= 24$$

লিখিত পদ্ধতি ৪৫নং প্রশ্নের অনুরূপ।

৪৭. দুটি সংখ্যার অনুপাত ৫ : ৬ এবং তাদের গসাগু ৪ হলে সংখ্যা দুটির লসাগু কত?

[পররাষ্ট্র মন্ত্রণালয়, ব্যক্তিগত কর্মকর্তা ২০১৯; সরকারি মাধ্যমিক বিদ্যালয়: সহকারী শিক্ষক ২০১৯; জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রশাসনিক কর্মকর্তা ২০১৬; বন অধিদপ্তরের বন প্রহরী/জুনিয়ার ওয়াইল্ডার লাইভ স্কাউট ২০১৫; ১২তম প্রভাষক নিবন্ধন পরীক্ষা (কলেজ/সমপর্যায়) ২০১৫; ১১তম শিক্ষক নিবন্ধন পরীক্ষা (স্কুল/সমপর্যায়-২): ২০১৪; ৯ম বেসরকারি প্রভাষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা ২০১৩; সমাজসেবা অধিদপ্তরের প্রবেশন অফিসার-২০১৩]

- (ক) ১২০ (খ) ১২২
(গ) ১২৪ (ঘ) ১১৮

ব্যাখ্যা

$$\text{লসাগু} = \text{অনুপাতের গুণফল} \times \text{গসাগু}$$

$$= 5 \times 6 \times 4$$

$$= 120$$

লিখিত পদ্ধতি ৪৫নং প্রশ্নের অনুরূপ।

৪৮. দুটি সংখ্যার অনুপাত ৭ : ৮ এবং তাদের গসাগু ৯ হলে তাদের লসাগু কত?

[১২তম শিক্ষক নিবন্ধন (কলেজ/সমপর্যায়)-২০১৫]

- (ক) ৫০২ (খ) ৫০৪
(গ) ৪০৫ (ঘ) ৩৪৫

ব্যাখ্যা

$$\begin{aligned} \text{লসাগু} &= \text{অনুপাতের গুণফল} \times \text{গসাগু} \\ &= ৭ \times ৮ \times ৯ \\ &= ৫০৪ \end{aligned}$$

লিখিত পদ্ধতি ৪৫নং প্রশ্নের অনুরূপ।

